



## ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড

### গ্রাহক অধিকার সনদ

#### আপনার সেবায় আমরা:

- "ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড" ১২-০৮-৯৮ ইং তারিখে বাংলাদেশে অর্থায়ন ব্যবসা পরিচালনার অনুমতি পায়।
- বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ক্রমে বর্তমানে ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড এর মোট শাখার সংখ্যা ৭টি।
- ঢাকা বিভাগে মতিঝিল, গুলশান, টংঙ্গি এবং মাধবদীতে শাখা রয়েছে। এছাড়া চট্টগ্রাম, বগুড়া ও সিলেটে প্রতিষ্ঠানটির একটি করে শাখা চালু আছে।
- প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয় ৭৩, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫ এ অবস্থিত।
- বোর্ড সেক্রেটারিয়েট, এইচ আর এন্ড এডমিন, ফাইন্যান্স এন্ড একাউন্টস, এসএমই, কর্পোরেট ফাইন্যান্স, ক্রেডিট রিস্ক, ক্রেডিট এডমিনিস্ট্রেশন, ইন্টারনাল কন্ট্রোল এন্ড কম্প্লায়েন্স, ট্রেজারী, আইসিটি, অপারেশন এন্ড মার্কেটিং, মনিটরিং এন্ড রিকোভারি এবং লিগ্যাল ডিপার্টমেন্ট প্রতিনিয়ত গ্রাহক সেবায় কাজ করে যাচ্ছে।
- আমাদের সকল শাখা এবং প্রধান কার্যালয় (হেড অফিস) প্রতি সপ্তাহে রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৬ টা (সরকারী ছুটি ব্যতীত) পর্যন্ত নিরবিচ্ছিন্ন গ্রাহক সেবা প্রদান করে থাকে।
- আমাদের গ্রাহক সেবা পেতে ০২-৯৬৬২৮৮৮ নম্বরে যোগাযোগ করুন।
- আপনি আমাদের সকল শাখায় পণ্য ও সেবা সম্পর্কে নির্ধারিত সেবা প্রদানকারীর সহায়তা নেয়ার পাশাপাশী বিস্তারিত জানার জন্য আমাদের ওয়েব সাইট ভিজিট করতে পারেন।
- ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড এর কার্যক্রম ও প্রোডাক্টস সমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

লোন সুবিধা সমূহ:	ডিপোজিট সুবিধা সমূহ:
লীজ ফাইন্যান্স	মাল্টিপল বেনিফিট স্কিম
টার্ম ফাইন্যান্স	টার্ম ডিপোজিট স্কিম
এসএমই ফাইন্যান্স	কিউমিলেটিভ ডিপোজিট স্কিম
প্রজেক্ট ফাইন্যান্স	ইনকাম স্কিম
কর্পোরেট ফাইন্যান্স	মাসিক সেভিং স্কিম
সিভিকেশন ফাইন্যান্স	
ব্রিজ ফাইন্যান্স	
রিয়েল এস্টেট ফাইন্যান্স	
মহিলা উদ্যোগ ফাইন্যান্স	
ওয়ার্ক অর্ডার ফাইন্যান্স	
মাল্টিপল বেনিফিট স্কিম	
টার্ম ডিপোজিট স্কিম	
কিউমিলেটিভ ডিপোজিট স্কিম	
ইনকাম স্কিম	
মাসিক সেভিং স্কিম	

গ্রাহক হিসেবে আপনার নিকট আমাদের অনুরোধ:

- আমাদের সাথে পণ্য ও সেবা সম্পর্কিত যে কোন চুক্তি বা লেনদেনে সঠিক, যথাযথ ও নির্ভুল তথ্য প্রদান।
- সেবা গ্রহণের পূর্বে সেবা সম্পর্কিত সকল নিয়মাবলী ও শর্তসমূহ বিস্তারিত সতর্কতার সাথে পড়ে দেখা।
- আপনাকে পাঠানো পণ্য বা সেবা সম্পর্কিত কাগজপত্র বা ফর্ম বিস্তারিত সতর্কতার সাথে পড়ে দেখা এবং কোন অলিখিত কাগজে অথবা যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরবিহীন কাগজ বা ফর্মে স্বাক্ষর না করা।
- পণ্য ও সেবা সম্পর্কিত যে কোন ব্যক্তিগত তথ্য পরিবর্তন হলে অথবা কোন প্রকারের প্রতারণাপূর্ণ বা অবৈধভাবে কোন লেনদেন সংগঠিত হলে আমাদের দ্রুত অবহিত করা।
- লোনের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে জমা দেওয়া।

সর্বোপরি আমরা আপনাদের সেবায় নিয়োজিত। তাই সেবার মান আরো উন্নয়নকরণে আপনার যে কোন অভিজ্ঞতা/পরামর্শ এবং আপনার মূল্যবান মতামত আমাদের জানান।